**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 29-04-24** **Desk in Charge :**

**Time : 7-35 AM** **Compiling :**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement –**আকাশবাণী / খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফার জন্য আজ বিজ্ঞপ্তি জারি হয়েছে। এই দফায় আগামী ২৫ শে মে রাজ্যের ৮' আসনে ভোট গ্রহণ। # চতুর্থ দফার নির্বাচনের প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন আজ।

২/ পরবর্তী পর্যায়ের নির্বাচনের জন্য জমে উঠেছে প্রচারাভিযান।

৩/ উত্তর ২৪ পরগণার বাগুইআটিতে তৃণমূল কংগ্রেস কর্মী খুনের ঘটনায় ১৩ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

৪/ সুপ্রিম কোর্টে প্রধান বিচারপতির এজলাসে আজ স্কুল সার্ভিস কমিশনের চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি হবে।

৫/ কলকাতার বড়বাজারে নাখোদা মসজিদের কাছে প্লাস্টিকের গুদামে ভয়াবহ আগুন। দমকলের ১৫'টি ইঞ্জিন ঘটনাস্থলে রয়েছে।

৫/ মোহনবাগান সুপার জায়েন্ট, ISL ফুটবলের ফাইনালে উঠেছে।

৬/ ইডেনে আজ IPL ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়।

*****************************************************************

লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফার জন্য আজ বিজ্ঞপ্তি জারি হয়েছে। এর সঙ্গেই শুরু হবে মনোনয়ন দাখিলের কাজ।

এই দফায় ছ'টি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৫৭টি আসনে ২৫ শে মে ভোট গ্রহণ। মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৬-ই মে। পরদিন সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রত্যাহারের শেষ দিন ৯-ই মে।

এই পর্বে রাজ্যের তমলুক, কাঁথি, ঘাটাল, ঝাড়গ্রাম, মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া ও বিষ্ণুপুর – এই আটটি কেন্দ্রে ভোট নেওয়া হবে।

*****************

লোকসভা নির্বাচনের চতুর্থ দফার জন্য প্রার্থীপদ প্রত্যাহারের আজই শেষ দিন। এই দফায় রাজ্যের মোট ৮'টি আসন সহ সারা দেশে মোট ৯৬টি আসনে আগামী ১৩'ইও মে ভোট গ্রহণ।

চতুর্থ দফায় অন্ধ্রপ্রদেশের-২৫, ঝাড়খন্ডের-৪, মধ্য প্রদেশের-৮, মহারাষ্ট্রের-১১, ওড়িশার-৪, তেলেঙ্গানার-১৭, উত্তর প্রদেশের-১৩, বিহারের-৫ এবং জম্মু-কাশ্মীরের একটি আসনে ভোট নেওয়া হবে।

রাজ্যের যে আসনগুলিতে এই দফায় ভোট হবে সেগুলি হল- বহরমপুর, কৃষ্ণনগর, রাণাঘাট, বর্ধমান-পূর্ব, বর্ধমান-দুর্গাপুর, আসানসোল, বীরভূম এবং বোলপুর।

এই দফায় মনোনয়ন জমা দেবার কাজ গত ২৫শে এপ্রিল শেষ হয়েছে। ২৬ তারিখ সেগুলি পরীক্ষা করে দেখা হয়।

*****************

লোকসভা নির্বাচনে বিভিন্ন বিষয়ে ভোটারদের আরও সচেতন করতে নির্বাচন কমিশন উদ্যোগী হয়েছে। এই উপলক্ষে উত্তর কলকাতা জেলা নির্বাচনী আধিকারিকের উদ্যোগে আজ ধর্মতলা ট্রাম ডিপোয় সুসজ্জিত একটি নির্বাচনী ট্রামের উদ্বোধন করবেন মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব। কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েলও উপস্থিত থাকবেন।

৫ই মে পর্যন্ত প্রতিদিন দুই পর্বে ধর্মতলা-শ্যামবাজার রুটে চলমান এই ট্রামে নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় প্রদর্শিত হবে।

*****************

লোকসভা নির্বাচনের পরবর্তী পর্যায়গুলির জন্য রাজ্যে নির্বাচনী প্রচার জমে উঠেছে। বিভিন্ন রাজনৈতিক দলের তারকা প্রচারক ও শীর্ষ নেতারা বিভিন্ন জেলায় জনসভা, রোড শো-এ অংশ নেন।

বিজেপি সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা গতকাল নদীয়ার বগুলায় দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় যোগ দেন। দুর্নীতি ইস্যুতে তৃনমূল কংগ্রেস সরকারকে নিশানা করে তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনমুখী প্রকল্পের নাম বদল করে বাংলার নামে চালানো হয়েছে। গরীব মানুষের জমি দখল করে নিজেদের স্বার্থ সিদ্ধি করেছে এই দল। তৃতীয়বারের জন্য NDA সরকার গঠন করতে দলীয় প্রার্থীকে বিপুল ভোটে জয়ী করার আহ্বান জানান তিনি।

(বাইট - নাড্ডা)

এর আগে শ্রী নাড্ডা গতকাল মুর্শিদাবাদের বড়ঞার জালিবাগান মাঠে বহরমপুর লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন। দুর্নীতি থেকে সন্দেশখালি, কেন্দ্রীয় প্রকল্পে বাধা থেকে কাটমানি ইস্যুতে রাজ্য সরকারকে তীব্র আক্রমণ করেন এই প্রবীণ নেতা।

*****************

তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল মালদার কালিয়াচকের সুজাপুর এবং হবিবপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে দুটি জনসভাতেই আবারও SSC-র চাকরি বাতিল ইস্যু নিয়ে সরব হন। প্রথমে সুজাপুরের কৃষক বাজার মাঠে নির্বাচনী জনসভায় বিজেপি, কংগ্রেস ও CPIM-কে এক বন্ধনীতে রেখে তীব্র কটাক্ষ করে তিনি বলেন, এখানে এরা আসন ভাগাভাগির খেলায় মেতেছে। স্কুল সার্ভিস কমিশনে প্রায় ২৬ হাজার চাকরিহারার পাশে তাঁরা আছেন বলে এদিনও জানান মুখ্যমন্ত্রী। এরাজ্যে কোনোভাবেই NRC/CAA কার্যকর হতে দেবেন না বলেও স্পষ্ট জানিয়ে দেন তিনি।

(বাইট – মমতা )

এরপর হবিবপুরের সভায় মুখ্যমন্ত্রী বলেন, বাংলার বাড়ি তৈরিতে কেন্দ্রীয় সরকার কোন টাকা দেয়নি।

অন্যদিকে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় গতকাল দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবারে মুচিসা ফুটবল মাঠে এক নির্বাচনী জনসভায় তিনি বলেন, তৃণমূল কংগ্রেস সরকার থাকাকালীন কোন মতেই লক্ষ্মীর ভান্ডার বন্ধ হবে না। বিজেপি নেতারা প্রচারে এসে এনিয়ে বিভ্রান্তি তৈরি করছে বলে তাঁর অভিযোগ।

*****************

আসানসোল লোকসভা বিজেপি প্রার্থীর সমর্থনে গতকাল রোডশো করেন দলের তারকা প্রচারক অভিনেতা মিঠুন চক্রবর্তী। এস বি গড়াই রোডের বুধা ময়দান থেকে তার রোড-শো শুরু হয়ে শেষ হয় মহিশীলা এলাকায়।

অন্যদিকে, সালানপুরে তৃণমূল প্রার্থীর হয়ে প্রচার করেন আসানসোলের প্রাক্তন সাংসদ, রাজ্য মন্ত্রিসভার সদস্য বাবুল সুপ্রিয়।

বর্ধমান-দুর্গাপুর আসনে বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ পূর্ব বর্ধমানের ভাতারে এবং বিষ্ণুপুর আসনের প্রার্থী সৌমিত্র খাঁ খন্ডঘোষের বিভিন্ন এলাকায় প্রচারে অংশ নেন।

*****************

দমদম লোকসভা কেন্দ্রের সিপিআইএম প্রার্থী সুজন চক্রবর্তী এখন আড়িয়াদহে প্রচারে অংশ নেন। হুড খোলা গাড়িতে চেপে বেলঘরিয়ার বাদামতলা থেকে মিছিল করে আড়িয়াদহে যান।

*****************

ভোট মিটতে না মিটতেই রাজনৈতিক সঙ্ঘর্ষে ফের উত্তপ্ত উত্তরবঙ্গ। শিলিগুড়ি সংলগ্ন মাটিগাড়া এলাকায় বিজেপি কর্মীদের ওপর হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

*****************

বিজেপির অভিযোগ মাটিগাড়ার কলাই বক্তরী এলাকা শাসকদলের কর্মীরা, বিজেপি কর্মীদের বাড়িতে গিয়ে বিজেপি না করার হুমকি দিতে থাকে। থানায় অভিযোগ জানাতে গেলেও তা নেওয়া হয়নি। সন্ধ্যায় তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা ধারালো অস্ত্র নিয়ে বিজেপি কর্মীদের বাড়িতে ঢুকে তাদের উপর চড়াও হয়। এই ঘটনায় ৬ বিজেপি কর্মী গুরুতর আহত হয়েছেন, তাঁদের শিলিগুড়ি জেলা হাসপাতালে স্থানান্তরিত করা হয়। হামলার প্রতিবাদে বিজেপি কর্মী-সমর্থকরা মাটিগাড়া থানা ঘেরাও করে অবস্থান বিক্ষোভ করেন।

*****************

তৃণমূলের গোষ্ঠী কন্দোলের জেরে বাগুইআটির অর্জুনপুরের পশ্চিমপাড়া এলাকায় সঞ্জীব দাস নামে এক তৃণমূল কর্মীর মৃত্যুর ঘটনায় পুলিশ ১৩ জনকে গ্রেফতার করেছে। এরা সকলেই স্থানীয় তৃণমূল কংগ্রেস কর্মী বলে পুলিশ জানিয়েছে। আগেই জানানো হয়েছে, এলাকায় শাসক দলের গোষ্ঠী সংঘর্ষে শুরু হয় ইট বৃষ্টি। পুলিশ পৌঁছলে পরিস্থিতি কিছুটা শান্ত হয়। তবে, পুলিশ এলাকা ছাড়া মাত্রই বিদ্যুৎ বিচ্ছিন্ন করে আবার শুরু হয় গন্ডগোল। সঞ্জীব দাস নামে এক তৃণমূল কর্মীকে রাস্তায় ফেলে রড-লাঠি-ইট দিয়ে আঘাত করা হয় বলে অভিযোগ। রক্তাক্ত অবস্থায় তাঁকে আর-জি কর হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। পরিস্থিতি সামলাতে নামানো হয় র‍্যাফ।

এই ঘটনায় CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, দলমত নির্বিশেষে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

বিধাননগরের মেয়র পারিষদ দেবরাজ চক্রবর্তী এলাকায় পৌঁছলে স্থানীয়রা তাঁকে ঘিরে বিক্ষোভ দেখান।

*****************

পূর্ব শহরতলীর আনন্দপুরে বিজেপির মহিলা মন্ডল সভাপতির ওপর হামলার ঘটনায় পুলিশ দুই অভিযুক্তকে গ্রেপ্তার করলেও FIR-এ নাম থাকা আরো ৩'জনকে গ্রেপ্তারের দাবীতে বিজেপি গতকাল আনন্দপুর থানার সামনে ধর্না-বিক্ষোভ শুরু করে। দক্ষিণ কলকাতার বিজেপি প্রার্থী ও রায়গঞ্জের বিদায়ী সাংসদ দেবশ্রী চৌধুরী ধর্ণায় নেতৃত্ব দেন।
ধৃত গৌরহরি গায়েন এবং আশরফ মোল্লা ওরফে ভুতোকে আজ আদালতে তোলা হবে।

কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেত্রী স্মৃতি ইরানি আক্রান্ত নেত্রী সরস্বতী সরকারের সঙ্গে ফোনে কথা বলেছেন।

*****************

সুপ্রিম কোর্টে প্রধান বিচারপতির এজলাসে আজ স্কুল সার্ভিস কমিশনের চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি হবে। গত সোমবার কলকাতা  হাইকোর্ট SSC-তে ২৫ হাজার ৭৫৩ জনের চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিল। তাঁকে চ্যালেঞ্জ করে শীর্ষ আদালতের দ্বারস্থ হয় রাজ্যের শিক্ষা দফতর, স্কুল সার্ভিস কমিশন এবং মধ্য শিক্ষা দফতর। প্রধানবিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পার্দিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে আজ এই মামলার শুনানি হবে।
উল্লেখ্য, গত সোমবার কলকাতা হাইকোর্টের বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মহম্মদ শব্বর রসিদির ডিভিশন বেঞ্চ ২০১৬ সালের SSC নিয়োগের সম্পূর্ণ প্রক্রিয়া বাতিল করে দেন। এর ফলে চাকরি হারান ২৫ হাজার ৭৫৩ জন। একই সঙ্গে বে-আইনীভাবে নিযুক্তদের বেতন ফেরত দেওয়ার নির্দেশ দেওয়া হয় ১২ শতাংশ সুদ সহ।

*****************

কলকাতার বড়বাজারে একটি প্লাস্টিকের গুদামে ভয়াবহ অগ্নিকান্ডের খবর মিলেছে। অত্যন্ত ঘিঞ্জি এলাকায় থাকা গুদামটিতে প্রচুর দাহ্য পদার্থ ও

প্লাস্টিকের সামগ্রী ছিল বলে স্থানীয়দের দাবী। পাশের দু’টি বহুতলের একতলাতেও আগুন ছড়িয়ে পড়েছে। দমকলের ১৫’টি ইঞ্জিন দীর্ঘক্ষণের প্রচেষ্টায় আগুন নেভানোর কাজ করছে। এলাকা সংকীর্ণ হওয়ায় দূর থেকে হোসপাইপের মাধ্যমে আগুন নেভানোর কাজ শুরু হয়।

এই এলাকায় গুদামের অনুমতি ছিল কিনা, তা’ নিয়ে উঠেছে প্রশ্ন।

*****************

পুরুলিয়া জেলা পরিষদের এক তৃণমূল কংগ্রেস সদস্যের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। প্রতুল মাহাতো নামে বছর ৫৫-র ওই ব্যক্তি বরাবাজার থানার বেড়াদা গ্রামের বাসিন্দা। তিনি তৃণমূল কংগ্রেসের জেলা সম্পাদক পদেও ছিলেন।

জানা গেছে, গতকাল বিকেলে বরাবাজার থেকে কাশবহাল গ্রামের রাস্তা দিয়ে বাড়ি ফেরার সময় অজ্ঞাতপরিচয় চার ব্যক্তির সঙ্গে তাঁর বচসা হয়। এরপরই অসুস্থ অবস্থায় প্রতুল বাবুকে বরাবাজার ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

প্রাথমিকভাবে তিনজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

এই মৃত্যুর পেছনে রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে বলে অভিযোগ তৃণমূল কংগ্রেসের। ঘটনার খবর পেয়ে বরাবাজারে যান জেলা তৃণমূলের শীর্ষ নেতৃত্ব।

*****************

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে ন্যাশনাল ইন্সটিটিউট অফ টেলনোলজি- NITতে এক পড়ুয়ার মৃত্যুকে কেন্দ্র করে গতকাল তুমুল ছাত্র বিক্ষোভ চলে। বিক্ষোভের জেরে ডিরেক্টার অরবিন্দ চৌবেকে পদত্যাগ করতে হয়েছে। তাঁকে কার্যত ধাক্কা দিয়ে কলেজ ক্যাম্পাস থেকে বের করে দেয় বিক্ষোভরত পড়ুয়ারা।

হুগলীর ব্যান্ডেলের বাসিন্দা দ্বিতীয় বর্ষের ছাত্র অর্পণ ঘোষের ঝুলন্ত দেহ গতকাল তার হস্টেলের ঘর থেকে উদ্ধার হয়। সকালে পরীক্ষা ছিল বলে জানা গেছে। ছাত্রটি পরীক্ষা দিয়ে সবার আগে হস্টেলে ফিরে আসে। সহপাঠীরা অর্পণের ঝুলন্ত দেহ দেখতে পেয়ে কলেজ কর্তৃপক্ষকের খবর দেয়। পুলিশ

ঘটনাস্থলে গিয়ে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা অর্পণকে মৃত ঘোষণা করেন। এরপরই কলেজে উত্তেজনা ছড়ায়। বিক্ষোভে উত্তাল হয়ে ওঠে শিক্ষাঙ্গণ। পড়ুয়াদের অভিযোগ, সঠিক সময়ে চিকিৎসার সুযোগ পেলে ওই পড়ুয়াকে বাঁচানো যেত।

*****************

তীব্র তাপপ্রবাহের সঙ্গে অস্বস্তিকর গরমে আজও কলকাতা সহ দক্ষিণবঙ্গের মানুষ নাজেহাল।

কলকাতায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪১ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে যা ৬ ডিগ্রী বেশি। আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রাও স্বাভাবিকের তিন ডিগ্রী ওপরে, ২৯ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস।

আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী দোসরা মে পর্যন্ত দক্ষিণবঙ্গের জেলাগুলিতে প্রধানত শুষ্ক আবহাওয়া বজায় থাকবে, সঙ্গে চলবে তাপপ্রবাহ।

পয়লা মে পর্যন্ত বাঁকুড়া, ঝাড়গ্রাম, বীরভূম, দুই মেদিনীপুর ও দুই বর্ধমানে তীব্র তাপপ্রবাহের লাল সতর্কতা জারি থাকছে। কমলা সতর্কতা জারি থাকবে উত্তর ২৪ পরগনা জেলার বিভিন্ন এলাকায়। বাকি জেলাগুলিতেও তাপপ্রবাহের পূর্বাভাষ দেওয়া হয়েছে।

এদিকে, আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, উত্তর বঙ্গোপসাগরে ওপর একটি উচ্চচাপ বলয় সৃষ্টি হওয়ায় আগামী ৩০-শে এপ্রিল থেকে দোসরা মে পর্যন্ত ঘণ্টায় ৪৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। এই সময় মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

*****************

মোহনবাগান সুপার জায়ান্ট ISL ফুটবলের ফাইনালে উঠেছে। যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল দ্বিতীয় পর্বের সেমিফাইনালে মোহনবাগান ২-০ গোলে ওড়িশা এফসি-কে হারিয়ে দিয়েছে।

গোল করেছেন জেসন কামিন্স ও সাহাল আব্দুল সামাদ। দুই পর্ব মিলিয়ে মোহনবাগান ৩-২ গোলে ওড়িশা এফসি-কে হারিয়ে ফাইনালে পৌঁছলো।

*****************

ইডেনে আজ আইপিএলের ম্যাচে কলকাতা নাইটরাইডার্স, দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

কলকাতা ৮ ম্যাচ খেলে, ৫ টিতে জিতে ১০ পয়েন্ট নিয়ে লিগতালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে। অন্যদিকে, দিল্লি ১০ ম্যাচ খেলে ৫'টিতে জিতে সমসংখ্যক পয়েন্ট পেয়ে পঞ্চম স্থানে আছে।

************************************************************